

Official Visit of Minister of State for External Affairs Smt. MeenakshiLekhi to Serbia (October 10-13, 2021)

October 09, 2021

বিদেশ প্রতিমন্ত্রী শ্রীমতী মীনাঙ্কী লেখির সার্বিয়া সফর (অক্টোবর 10-13, 2021)

অক্টোবর 09, 2021

পররাষ্ট্র বিষয়ক এবং সংস্কৃতি প্রতিমন্ত্রী শ্রীমতী মীনাঙ্কী লেখি 10 থেকে 13ই অক্টোবর 2021 নির্জোট আন্দোলনের (ন্যাম) 60 তম বার্ষিকীর পূর্তি উদযাপন উপলক্ষে একটি উচ্চ-পর্যায়ের বৈঠকে প্রধানমন্ত্রীর বিশেষ দূত হিসেবে উপস্থিত থাকতে সার্বিয়ার বেলগ্রেড সফর করবেন।

2. নির্জোট আন্দোলনের 60 তম বার্ষিকীর পূর্তি উদযাপন উপলক্ষে বৈঠকটির যুগ্ম ভাবে আয়োজন করছেন সার্বিয়ার রাষ্ট্রপতি এবং ন্যাম-এর সভাপতি হিজ এক্সেলেন্সি আলেকজান্ডার ভুচিক এবং আজারবাইজানের রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি এলিয়েভ।

3. 1961 সালে বেলগ্রেডে প্রথম অনুষ্ঠিত হওয়া ন্যামের 60 তম বার্ষিকী পারস্পরিক শ্রদ্ধা, সংহতি ও সহযোগিতার প্রতিষ্ঠিত নীতি দ্বারা পরিচালিত জটিল বৈশ্বিক চ্যালেঞ্জগুলোকে কিভাবে আন্দোলন আরও কার্যকরভাবে মোকাবিলা করতে পারে তার প্রতিফলনের সুযোগ প্রদান করে। ন্যামের প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে, ভারত উন্নয়নশীল বিশ্বের উদ্ব্বেগ উত্থাপনের একটি গুরুত্বপূর্ণ প্লাটফর্ম হিসেবে, ন্যামকে শক্তিশালী করার দিকে কাজ চালিয়ে যাবে।

4. ন্যামের 60 বছর পূর্তি উদযাপন বৈঠকের পাশাপাশি প্রতিমন্ত্রীর বেলগ্রেডের ইউএন ভবনে 76 তম ইউএনজিএ-র সভাপতি দ্বারা আহত প্রতিনিধি দলের মহিলা প্রধানদের এবং বিদেশমন্ত্রীদের বৈঠকে যোগদান করার কথা আছে।

5. সফরকালে প্রতিমন্ত্রী (এমএল) উপ প্রধান মন্ত্রী এবং কৃষি, বন এবং জল সম্পদ পরিচালনা মন্ত্রী হিজ এক্সেলেন্সি মাননীয় ব্রানিস্লাভ নেডিমোভিচ, উপ প্রধানমন্ত্রী এবং প্রতিরক্ষা মন্ত্রী হিজ

এক্সেলেন্সি ডঃ নেবোজসা স্টেফানোভিচ, উপ প্রধানমন্ত্রী এবং সংস্কৃতি ও তথ্যমন্ত্রী হার এক্সেলেন্সি মাননীয়া মাজা গজকোভিচ এবং বাণিজ্য, পর্যটন ও টেলি যোগাযোগ মন্ত্রী হার হাইনেস মাননীয়া টাটজানা ম্যাটিচ-এর সাথেও দ্বিপাক্ষিক আলোচনা করবেন।

6. ভারত এবং সার্বিয়া ইতিহাসগতভাবে ঘনিষ্ঠ এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক উপভোগ করে। সংস্কৃতি এবং শিল্পকলার ক্ষেত্রে সহযোগিতাকে আরও মজবুত করার জন্য এই সফরকালে একটি দ্বিপাক্ষিক সংস্কৃতি বিনিময় প্রোগ্রাম (সিইপি) স্বাক্ষরিত হবে। প্রতিমন্ত্রী (এমএল) বেলগ্রেড বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদে 'ভারতে বিচার ব্যবস্থার পরিকাঠামো' শীর্ষক একটি লেকচার প্রদান করবেন। তিনি আনুষ্ঠানিকভাবে বেলগ্রেডে গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুরের একটি আবক্ষ উন্মোচন করবেন। তৎসহ তিনি ভারতীয় সম্প্রদায়ের সদস্য এবং ভারতের বন্ধুদের সাথে কথাবার্তা বলবেন আর সার্বিয়ার প্রাচীনতম সাহিত্যিক, সাংস্কৃতিক এবং বৈজ্ঞানিক সোসাইটি মাতিচা রপসকা পরিদর্শন করবেন ও ভারতের প্রতিষ্ঠানগুলির সাথে বৃহত্তর সহযোগিতার উপায়গুলি নিয়ে আলোচনা করবেন।

7. প্রতিমন্ত্রীর এই সফর দুই দেশের মধ্যে মৈত্রীবন্ধনকে আরও মজবুত করবে।

নিউ দিল্লি

অক্টোবর 09, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.